



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : ৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৬, E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক : *মাধ্যমিক পরীক্ষা/বিষয়/০৮/০২/৯/২০*

তারিখ : ১২/৫/২০১৯ খ্রিঃ

ETIF/ OTP(Online Teachers Profile) এর জন্য অনুসরণীয় দিক নির্দেশনা :

১। প্রতিষ্ঠান প্রধানসহ কর্মরত শিক্ষকদের OTP- পূরণ নিশ্চিত করতে প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো (১৫/৫/২০১৯ থেকে ২৩/৫/২০১৯ নির্ধারিত সময়ের মধ্যে)।

২। BEDU- (Bangladesh Examination Development Unit) কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত (অনলাইন/সরাসরি) না হলে প্রধান পরীক্ষক হওয়ার জন্য আবেদন করা থেকে বিরত থাকুন। প্রধান শিক্ষক/অধ্যক্ষ মহোদয়গণ তথ্য/তথ্যাদি অনুমোদনকারী হিসেবে দায় এড়ানোর সুযোগ নেই বিষয় প্রেরিত অফ্রায়ন পত্র স্বাক্ষরের আগে নিজের পবিত্র দায়িত্বের বিষয়টি বিবেচনায় আনতে হবে।

৩। শিক্ষকগণ তাদের ব্যক্তিগত রেজাল্ট যেমন এসএসসি, এইচএসসি, বিএ, বিএসসি, অনার্স, মাস্টার্স, বি.এড, এম.এড, পি.এইচডি ইত্যাদি পরীক্ষার প্রাপ্ত বিভাগ/শ্রেণী উল্লেখ করুন। কারণ প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে ব্যক্তিগত রেজাল্ট এর সুনির্দিষ্ট পয়েন্ট রয়েছে। অগ্রাধিকার পাওয়া না পাওয়ার শর্ত জড়িত আছে।

৪। **First Joining**(শিক্ষকতায় প্রথম যোগদান) এর বিষয়ে বর্তমান প্রতিষ্ঠানসহ পূর্ববর্তী কোন প্রতিষ্ঠানে শিক্ষকতার প্রমাণিত যোগদান পত্র বা অন্যান্য কাগজপত্রাদির সত্যতা সমর্থিত হতে হবে। অভিজ্ঞতায় যেহেতু নির্ধারিত পয়েন্ট রয়েছে তাই সর্বমোট শিক্ষকতার অভিজ্ঞতা হিসাব করে এন্ট্রি করুন।

৫। শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই সোনালী ব্যাংকের (১৩ ডিজিটের) হিসাব নম্বর (নিজ নামের হিসাব নম্বর) প্রদান করতে হবে।

৬। খন্ডকালীন, অনিয়মিত, অতিথি শিক্ষক, অক্ষম ও গুরুতর অসুস্থ শিক্ষকের তথ্য (OTP) তে পূরণ করা থেকে বিরত রাখুন।

৭। যে শিক্ষক যে বিষয়ের জন্য নিয়োগপ্রাপ্ত এবং ঐ বিষয়ে পাঠদান করেন শুধু সে বিষয়েই Select করতে হবে। অন্যথায় ভবিষ্যতে বিভ্রান্তির মুখে পড়তে হবে।

৮। কলেজ শিক্ষকগণ যে বিষয়ে অনার্স/মাস্টার্স করেছেন সে বিষয়েই select করতে হবে।

৯। শিক্ষকদের প্রশিক্ষণসহ সকল সনদ, নিয়োগপত্র ইত্যাদি তথ্য প্রমাণাদি প্রতিষ্ঠান প্রধানের কাছে সংরক্ষণ করতে হবে। বোর্ড প্রয়োজনে ডকুমেন্টগুলো যাচাই করবে।

১০। ঢাকা বোর্ডের ২০১৮/২০১৯ খ্রিঃ কোন পরীক্ষায় পুনঃনিরীক্ষণে নম্বর পরিবর্তন জনিত কারণে পরীক্ষক কিংবা প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগের জন্য স্থগিতাদেশ থাকলে ডাটা প্রেরণ থেকে বিরত থাকুন। (স্থগিতাদেশের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত)।

১১। ICT, কৃষিশিক্ষা, শারিরিক শিক্ষা, চারু ও কারুকলা বিষয়ে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ সংশ্লিষ্ট বিষয় ছাড়া আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।

১২। কোন তথ্য গোপন করা হলে বা অসত্য তথ্য প্রদানকারীর পরীক্ষক/প্রধান পরীক্ষক না হওয়ার বিষয়টি যে কোন পর্যায়ে, যে কোন সময়ে বোর্ড বাতিল করতে পারবে। পরীক্ষা আইনের আওতায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

ময়মনসিংহ বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয় ও কলেজ।

বৈশিষ্ট্য
(মোঃ সামছুল ইসলাম)
১২/৫/২০১৯

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

ফোন: ০৯১-৫৩৩৩৫

conbisemym@gmail.com